**Times Today BD**

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 19 May, 2025

বিএনপি নেতা ইশরাক হোসেনকে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র হিসেবে শপথ না পড়ানোর নির্দেশনা চেয়ে উচ্চ আদালতে দায়ের করা রিট আবেদনের ওপর শুনানির জন্য মঙ্গলবার (২০ মে) দিন ঠিক করেছেন হাইকোর্ট।

সোমবার (১৯ মে) বিচারপতি মো. আকরাম হোসেন চৌধুরী ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর সমন্বয়ে গঠিত বেঞ্চ এই দিন ঠিক করেন।

ইশরাক হোসেনের আইনজীবী ব্যারিস্টার এ কে এম এহসানুর রহমান জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করে জানান, আজ এ সংক্রান্ত বিষয়ে দায়ের করা রিটটি শুনানির জন্য উপস্থাপন করা হলে ২০ মে দুপুর ১টায় শুনানির জন্য নির্ধারণ করেন আদালত।

এর আগে আদেনটি শুনানির জন্য রোববারের (১৮ মে) কার্যতালিকায় ৪১৯ নম্বর ক্রমিকে ছিল।সেটি আজ আরও এগিয়ে ২৩৫ নম্বর ক্রমিকে ওঠে।

অন্যদিকে, রিটের বিরুদ্ধে হাইকোর্টের সংশ্লিষ্ট বেঞ্চে শুনানিতে যুক্তিতর্ক উপস্থাপনের জন্য প্রস্তুতি নিয়ে রেখেছেন ইশরাক হোসেনের আইনজীবী।

এর আগে ইশরাককে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র হিসেবে শপথ না পড়ানোর নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট আবেদন করা হয়। সেই সঙ্গে রিটে বিএনপির আন্তর্জাতিকবিষয়ক কমিটির সদস্য ইশরাক হোসেনকে মেয়র ঘোষণা করা ঢাকার প্রথম যুগ্ম জেলা জজ ও নির্বাচনী ট্রাইব্যুনালের বিচারকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশনাও

চাওয়া হয়।রিটে নির্বাচন কমিশনসহ সংশ্লিষ্টদের বিবাদী করা হয়েছে।

বুধবার (১৪ মে) হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিট আবেদন করেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের বাসিন্দা মো. মামুনুর রশিদের পক্ষে আইনজীবী কাজী আকবর আলী। এ বিষয়ে শুনানি করবেন অ্যাডভোকেট মোহাম্মদ হোসেন।

২০২০ সালের ১ ফেব্রুয়ারি ঢাকা দক্ষিণ সিটির নির্বাচন হয়। বিএনপির প্রার্থী ইশরাক হোসেনকে পৌনে দুই লাখ ভোটের ব্যবধানে হারিয়ে আওয়ামী লীগের শেখ ফজলে নূর তাপস মেয়র হন।

২৭ মার্চ ফজলে নূর তাপসকে বিজয়ী ঘোষণার ফল বাতিল করে বিএনপি নেতা ইশরাককে মেয়র ঘোষণা করেন ঢাকার প্রথম যুগ্ম জেলা জজ ও নির্বাচনী ট্রাইব্যুনালের বিচারক মো. নুরুল ইসলাম।

ট্রাইব্যুনালের রায়ের অনুলিপি পেয়ে গত ২২ এপ্রিল গেজেট প্রকাশের বিষয়ে আইন মন্ত্রণালয়ের পরামর্শ চায় সাংবিধানিক সংস্থাটি। এরপর ২৭ এপ্রিল ইশরাক হোসেনকে ডিএসসিসি নতুন মেয়র ঘোষণা করে গেজেট প্রকাশ করে নির্বাচন কমিশন (ইসি)।

এদিকে, ইশরাক হোসেনকে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র পদে বসানোর দাবিতে বৃহস্পতিবার (১৫ মে) সকাল ৯টা থেকে লাগাতার অবস্থান কর্মসূচির ঘোষণা করা হয়।

ইশরাক-হোসেন ডিএসসিসি হাইকোর্ট বিএনপি আদালত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:21

URL: https://www.timestodaybd.com/national/7758072690